# দেউলিয়া সম্বন্ধে তথ্যপত্র

**দেউলিয়া আইন একটি যুক্তরাষ্ট্রীয় আইন। এই তথ্যপত্র আপনাকে দেউলিয়া মামলায় কী ঘটতে পারে সে সম্বন্ধে সাধারণ তথ্য সরবরাহ করে। এই তথ্য শুধু মাত্র এখানেই শেষ নয়। আপনার আইনী পরামর্শের প্রয়োজন হতে পারে।**

## আপনি যখন দেউলিয়া ঘোষণা করবেন

আপনি দেউলিয়া-র বিভিন্ন প্রকার বাছাই করতে পারেন, আপনার প্রয়োজনের জন্য যেটি শ্রেষ্ট সেই হিসাবে (কিন্তু আপনাকে কিছু যোগ্যতার শর্ত পূরণ করতে হবে):

পরিচ্ছেদ ৭ —— আপনার সম্পত্তির দায়িত্বভার গ্রহণ করতে একজন অছি (ট্রাস্টি) নিয়োগ করতে হবে। আপনার পাওনাদারদের পাওনা মেটাতে আপনার সম্পত্তির যে কোনো অংশ বিক্রয় করে তা অর্থে রূপান্তরিত করতে হবে। আপনি যে রাজ্যে বসবাস করেন, তার আইন ও প্রযোজ্য যুক্তরাষ্ট্রীয় আইন অনুযায়ী আপনি কিছু ব্যক্তিগত জিনিস ও কিছু স্থাবর সম্পত্তি রাখতে পারবেন।

পরিচ্ছেদ ১৩ —— আপনি সাধারণত আপনার সম্পত্তি রাখতে পারেন, কিন্তু আপনাকে কিছু উপার্জন করতে হবে অথবা অন্য কিছু নিয়মিত আয় রাখতে হবে আর আপনার পাওনাদারকে আপনার আয়ের অংশ প্রদান করতে সম্মত হতে হবে। আদালত আপনার ঋণ পরিশোধ পরিকল্পনা এবং আপনার বাজেট অনুমোদন করবে। একজন অছি নিয়োগ করতে হবে এবং আপনার পাওনাদারদের পাওনা প্রদান করতে তিনি আপনার কাছ থেকে অর্থ সংগ্রহ করবেন ও তা আপনার পরিশোধ পরিকল্পনা অনুযায়ী পর্শোধ করবেন।

পরিচ্ছেদ ১২ —— পরিচ্ছেদ ১৩ -র অনুরূপ, কিন্তু এটি শুধুমাত্র কৃষিজীবি এবং মৎস্যজীবি পরিবারদের জন্য।

পরিচ্ছেদ ১১ —— এটি অধিকাংশ ক্ষেত্রে ব্যবসায়ীদের দ্বারা ব্যবহৃত হয়। পরিচ্ছেদ ১১-তে আপনি আপনার ব্যবসায়ে কাজ করা চালিয়ে যেতে পারেন, কিন্তু আপনার পাওনাদারদের ও আদালত আপনার পরিশোধ পরিকল্পনা অনুমোদন করবেন। এখানে কোনো অছি (ট্রাস্টি) থাকে না, যদি না প্রযোজন মতো একজনকে আদালত নিয়োগ করে। যদি একজন অছি (ট্রাস্টি) নিয়োগ করা হয়, তাহলে অছি (ট্রাস্টি) আপনার ব্যবসা ও সম্পত্তি নিয়ন্ত্রণে রাখবেন।

যদি আপনি ইতিমধ্যে পরিচ্ছেদ ৭-এর অন্তর্গত দেউলিয়া হিসাবে ঘোষণা করে থাকেন, তবে আপনি আপনার মামলা অন্য পরিচ্ছেদে পরিবর্তন করতে সমর্থ হবেন।

আপনার দেউলিয়া দীর্ঘ দশ বছরের জন্য আপনার ক্রেডিট রেকর্ডে লিপিবদ্ধ করা হবে। এটি ভবিষ্যতে আপনার ঋণ-গ্রহণ ক্ষমতাকে প্রভাবিত করতে পারে।

## ব্যাংকরাপসি ডিসচার্জ কী এবং এটি কীভাবে কাজ করে ?

সাধারণত ব্যক্তিগণ নিজেদের দেউলিযা ঘোষণা করে প্রধাণত "ডিসচার্জ" পেতে। ডিসচার্জ হল একটি আদালতের নির্দেশ, যেটি বোঝায় যে আপনাকে আপনার অধিকাংশ ঋণ পরিশোধ করতে হবে না। কিন্তু কিছু ঋণ মুকুব করা যায় না। উদাহরণস্বরূপ আপনি নিম্ন লিখিত ঋণগুলি মুকুব করাতে পারেন না :

- অধিকাংশ করগুলি;
- চাইল্ড সাপোর্ট;
- খোরপোশ;
- অধিকাংশ শিক্ষা ঋণ;
- অদালতের জরিমানা ও ফৌজদারী ক্ষতিপূরণ; এবং
- মদ্যপান করে অথবা ড্রাগ নিয়ে গাড়ি চালানোর ফলে আপনার ব্যক্তিগত আঘাত।

যে ঋণগুলি আপনি ডিসচার্জ ফাইল করার তারিখের আগে নিয়েছেন সেগুলির উপরই এটি প্রযোজ্য হবে। যদি আদালতের সমানে এটি প্রতীয়মান হয় যে আপনি প্রতারণা দ্বারা অর্থ অথবা সম্পত্তি পেয়েছেন, তবে সেই ঋণটি মুকুব করা হবে না।

আপনার দেউলিয়ার তালিকায় আপনার সমস্ত সম্পত্তি ও ঋণ তালিকাভুক্ত করা জরুরি। উদাহরণস্বরূপ, যদি আপনি একটি ঋণ তালিকাভুক্ত না করেন, তাহলে স বত সেই ঋণটি মুকুব করা হবে না। আদালত আপনাকে ডিসচার্জ দেওয়া অস্বীকারও করতে পারে, যদি আপনি দেউলিয়া মামলায় অসততার আশ্রয় নেন, যেমন সম্পত্তি ইচ্ছাকৃতভাবে নষ্ট অথবা লুকানো, ভুল অথবা মিথ্যা তথ্য দেওয়া অথবা আপনি যদি আদালতের আদেশ অমান্য করেন।

আপনি শুধুমাত্র প্রতি ৮ বছরে একবারই পরিচ্ছেদ ৭ অনুযায়ী ডিসচার্জ নিতে পারেন। অন্য আইনগুলি প্রয়োগ করা হতে পারে যদি আপনি মামলায় পরিচ্ছেদ ১৩ অনুযায়ী ডিসচার্জ গ্রহণ করে থাকেন। মুকুব করা একটি ঋণ আপনাকে পরিশোধ করতে কেউ বাধ্য করতে পারবে না, কিন্তু আপনি আপনার নিজের ইচ্ছায় যে কোনো ঋণ পরিশোধ করতে পারেন। এটি করার জন্য আপনাকে রিঅ্যাফারমেশন চুক্তি (নিচে দেখুন) অথবা অনুরূপ কোনো নথিতে স্বাক্ষর করতে হবে না।

কিছু পাওনাদারের কাছে সিকিওর্ড ক্লেম থাকে (যেমন আপনার ব্যাংক আপনার বাড়ি বন্ধক রেখে আপনাকে ঋণ দেয় অথবা আপনার গাড়ি বন্ধক রেখে ঋণ কোম্পানী যে ঋণ দেয়)। যদি ঋণটি মুকুবও করা হয় তবে আপনাকে সেই সিকিওর্ড ক্লেমটি পরিশোধ করতে হবে না, কিন্তু তবুও পাওনাদার আপনার সম্পত্তি অধিকার করতে পারে।

## রিঅ্যাফারমেশন এগ্রীমেন্ট কী ?

যদিও একটি ঋণ মুকুব করা যায়, তবুও কেন আপনি সেটি পরিশোধ করতে চান তার বিশেষ কারণ থাকতে হবে। উদাহরণস্বরূপ, আপনি আপনার গাড়িটি আপনার নিজের কাছে রাখতে ব্যাংকের সাথে একটি পরিকল্পনা করতে পারেন। ঋণ পরিশোধ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হয়ে আপনি স্বাক্ষর করবেন এবং আদালতে একটি রিঅ্যাফার্মেশন চুক্তি নথিভুক্ত করবেন। রিঅ্যাফার্মেশন এগ্রীমেন্টটি বিশেষ আইনের অন্তর্ভুক্ত এবং এটি আপনার ইচ্ছাধীন। এগুলি দেউলিয়া আইন অথবা অন্য কোনো আইন দ্বারা বাধ্যতামূলক নয়। রিঅ্যাফার্মেশন চুক্তিগুলি -

- আপনার ইচ্ছাধীন হতে হবে;
- আপনার অথবা আপনার পরিবারের উপর বোঝা স্বরূপ হবে না;
- আপনার স্বার্থে হতে হবে; এবং
- আদালত আপনার ডিসচার্জ জারী করার আগে যে কোনো সময়ে অথবা আদালতে এটি নথিভুক্ত করার ৬০ দিনের মধ্যে বাতিল করা যেতে পারে, এর মধ্যে যেটি আপনাকে সবচেয়ে বেশি সময় দেবে সেটি প্রযোজ্য হবে।

যদি আপনি একজন একক ব্যক্তি হন, এবং আপনি কোনো অ্যাটর্নি দ্বারা প্রতিনিধিত্ব না করেন তবে আদালতকে রিঅ্যাফার্মেশন চুক্তি অনুমোদন করার আগে একটি শুনানীর ব্যবস্তা করতে হয়।এই রিঅ্যাফার্মেশন চুক্তিটি বৈধভাবে প্রযোজ্য হবে না যদি না সেটি আদালত দ্বারা অনুমোদিত হয়।

যদি আপনি একটি ঋণ পুনরায় স্বীকার করেন এবং তা পরিশোধে অসমর্থ হন, তবে সেই ঋণ আপনাকে পরিশোধ করতেই হবে আপনি দেউলিয়া হন বা না হন। ঋণটি মুকুব করা য়াবে না এবং পাওনাদার কোনো সম্পত্তি বাজেয়াপ্ত করতে সক্রিয় ভূমিকা নিতে পারেন যার উপর তার/তাদের পূর্বসত্ত্ব অথবা বন্ধক আছে। পাওনাদার আপনার বিরুদ্ধে সম্পত্তি বাজেয়াপ্ত করার জন্য আইনি সহায়তাও নিতে পারেন।

**যদি আপনি বিস্তারিত তথ্য চান অথবা দেউলিয়া কীভাবে আপনাকে প্রভাবিত করে সেই প্রসঙ্গে আপনার কোনো প্রশ্ন থাকে তবে আপনি আইনি পরামর্শ নিতে পারেন। আপনার ক্ষেত্রে অছি (ট্রাস্টি) আপনাকে আইনি পরামর্শ দিতে বাধ্য নন।**